সংবাদ

তারিখ 27 FEB 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৫

### এমপিওভুক্তির দাবিতে

# অনশনরত শিক্ষকদের প্রতি সংহতি প্রকাশ এরশাদের

নিজস্ব বার্তা পরিবেশক

এমপিওভুক্তির দাবিতে শিক্ষকদের আমরণ অনশনে সংহতি জানিয়ে জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদ বলেছেন, 'মাননীয় প্রধানমন্ত্রী, আপনি তো মা, আপনার সন্তানদের দাবি মেনে নিন। অনাহারে শিক্ষকরা রাস্তায় শুয়ে থাকবে, এটা তো হয় না।' গতকাল প্রেসক্লাবের সামনে পানি পান করিয়ে শিক্ষকদের অনশন ভাঙার সময় এসব কথা বলেন তিনি।

এরশাদ বলেন, বাবা-মায়ের পরে শিক্ষকদের স্থান, তারা রাস্তায় অবস্থান করছেন। অথচ কেউ দেখার নেই। ২০১১ সালের ১৩ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত সংহতি : পৃষ্ঠা : ২ ক : ৩

## সংহতি : প্রকাশ

(১৬ পৃষ্ঠার পর)

প্রজ্ঞাপনের ফলে ৫ বছর বিনা বেতনে থেকে এই শিক্ষকরা কিভাবে এতদিন বেঁচে আছেন এটাই প্রশ্ন। শিক্ষকরা আমাদের মানুষ করে, আর এই শিক্ষকরা মানবেতর জীবনযাপন করছে। তাই শিক্ষকদের এই দাবি মেনে নিতে সরকারের প্রতি অনুরোধ জানান তিনি।

জাপা চেয়ারম্যান বলেন, আপনারা অনশন প্রত্যাহার করে ঘরে ফিরে যান। শিক্ষামন্ত্রী দেশের বাইরে থাকায় আমি শিক্ষা সচিবের সঙ্গে কথা বলেছি। আশা করি সংশ্লিষ্টরা যথাযথ ব্যবস্থা নেবেন।

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সৃষ্টপদে নিয়োগপ্রাপ্তদের এমপিওভুক্তির দাবিতে গত ২২ ফেব্রুয়ারি থেকে আমরণ অনশন করে আসছিল শিক্ষকরা। বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদের এ কর্মসূচির পঞ্চম দিন ছিল শুক্রবার। এদিন শিক্ষকদের কয়েকজন বেশ অসুস্থ হয়ে পড়লে দুপুরে তাদের দেখতে যান জাপা চেয়ারম্যান। এরপর তাদের যথাযথ ব্যবস্থা নেয়ার আশ্বাস দিয়ে পানি পান করিয়ে শিক্ষকদের অনশন ভাঙান তিনি।